প্রবাসী কল্যাণ ব্যাংক
"দেশে ও প্রবাসে, আপনারই পাশে"
প্রধান কার্যালয়, ঢাকা
প্রবাসীকল্যাণভবন, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন রোড, ইস্কাটন, ঢাকা-১০০০www.pkb.gov.bd

শাখা পরিচালন, ব্যবসা উন্নয়ন, পরিকল্পনা ও গবেষণা বিভাগ

নং ৫৩.১৬.২৬৬৬.৯০৯.০৬.০০২.২৪-২০০০ তারিখঃ ১৯.০১.২০২৫ খ্রিঃ

বিষয়: "ডাবল স্কিম" নীতিমালা (সংশোধিত) জারি প্রসঙ্গে।

পরিচালনা পর্ষদের ২৪.১২.২০২৪ তারিখের ১২৯ তম সভার সিদ্ধান্ত মোতাবেক সংশোধিত "ডাবল স্কিম" নীতিমালা (পরিপত্র নং ০৩/২০২৫; তারিখঃ ১৯.০১.২০২৫ খ্রিঃ) সকলের অবগতি ও কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

২.০ এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে। এতদ্বারা এ সংক্রান্ত পূর্বের নীতিমালা রহিত করা হলো।

19/01/2025

(মোহাম্মদ মফিজুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক/বিভাগীয়প্রধান
শাখা পরিচালন, ব্যবসা উন্নয়ন, পরিকল্পনা ও গবেষণা বিভাগ

সংযুক্তিঃ বর্ণনা অনুযায়ী (০২) পাতা।

অঞ্চল প্রধান/শাখা ব্যবস্থাপক (সকল)
প্রবাসী কল্যাণ ব্যাংক।

অনুলিপিঃসদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১. বিভাগীয় প্রধান, প্রিন্সিপাল ও সহকারী মহাব্যবস্থাপক (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
২. বিভাগীয় প্রধান, আইটি সিস্টেমস ও সাইবার সিকিউরিটি বিভাগ (অত্র ব্যাংকের ওয়েবসাইটে সংশোধিত "শিক্ষা সঞ্চয়ী স্কিম" নীতিমালা, "সঞ্চয়ী স্কিম" নীতিমালা এবং "ডাবল স্কিম" নীতিমালা আপলোডকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
৩. বোর্ড সচিব, পর্ষদ সচিবালয়, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৪. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্যে);
৫. উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্যে);
৬. মহাব্যবস্থাপক (হিসাব, আইসিসি ও আইটি) মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (মহাব্যবস্থাপক মহোদয়ের সদয় অবগতির জন্যে);
৭. মহাব্যবস্থাপক (প্রশাসন ও পরিচালন) মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (মহাব্যবস্থাপক মহোদয়ের সদয় অবগতির জন্যে);
৮. অফিস কপি।

প্রবাসী কল্যাণ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
শাখা পরিচালন, ব্যবসা উন্নয়ন, পরিকল্পনা ও গবেষণা বিভাগ

**পরিপত্র নং- ০৩/২০২৫** **তারিখঃ ১৯.০১.২০২৫**

**প্রবাসী কল্যাণ ব্যাংক এর " ডাবল বেনিফিট স্কিম" নীতিমালা (সংশোধিত)।**

(১.০০) স্কীমের নামঃ " ডাবল বেনিফিট স্কিম"।

(২.০০) হিসাবের মেয়াদ কালঃ ১১ (এগার) বছর।

(৩.০০) এককালীন জমা টাকার পরিমাণঃ সর্বনিম্ন ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ও এর গুনিতক এবং সর্বোচ্চ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা।

(৪.০০) সুদের হারঃ ৬.৫১% চক্রবৃদ্ধিহারে প্রতিটি হিসাবে বার্ষিক ভিত্তিতে ডিসেম্বরে সুদ প্রদেয় হবে, যাতে ১১ বছরে মূল জমা দ্বিগুণ হয়।

(৫.০০) হিসাব খোলার নিয়মাবলীঃ

আঠার বছর কিংবা তদুর্ধ্ব বয়সের ও সুস্থ মস্তিষ্ক সম্পন্ন বিদেশগামী/প্রবাসী যে কোন বাংলাদেশী নাগরিক নিজ নামে অথবা যৌথ নামে প্রবাসী কল্যাণ ব্যাংকের যে কোন শাখায় এক বা একাধিক হিসাব খুলতে পারবেন। বাবা/মায়ের মাধ্যমে পরিচালিত মাইনরের নামেও এ হিসাব খোলা যাবে। হিসাব খোলার সময় আমানতকারীকে তার যথাযথ পরিচিতি প্রদানের লক্ষ্যে জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন পত্র এবং পাসপোর্ট এর ফটোকপি, নিজের দুই কপি ও হিসাবধারী কর্তৃক সত্যায়িত নমীনির এক কপি ছবি প্রদান করতে হবে। প্রবাসী কল্যাণ ব্যাংক " ডাবল বেনিফিট স্কিম" হিসাব খোলার ক্ষেত্রে ব্যাংক কর্তৃক প্রণীত ও প্রচলিত অভিন্ন হিসাব খোলার ফরম ব্যবহৃত হবে। হিসাব খোলার সাধারণ নিয়মাবলী এ ক্ষেত্রেও প্রযোজ্য এবং হিসাব খোলার ফরমের সাথে উক্ত শর্তাবলীর ফরমটি সংযুক্ত করতে হবে এবং হিসাবধারীর নিকট থেকে স্বাক্ষর গ্রহণ করতে হবে। এই হিসাব খুলতে হলে শাখায় গ্রাহকের সঞ্চয়ী হিসাব থাকতে হবে।

(৬.০০) স্কিমের নিয়মাবলী/নীতিমালা হিসাবধারী যথাযথভাবে পরিপালনে বাধ্য থাকবেন এ মর্মে হিসাবধারীর অঙ্গীকারনামা গ্রহণ করতে হবে।

(৭.০০) মেয়াদ উত্তীর্ণের পূর্বে হিসাব বন্ধ করা হলেঃ মেয়াদ পূর্তির পূর্বে কেহ এ প্রকল্পের জমাকৃত অর্থ উত্তোলণ করতে চাইলে/মেয়াদ শেষ হওয়ার পূর্বে হিসাবধারীর মৃত্যু হলে মূল টাকার ঔ সময়কালীন মেয়াদী আমানতের বিদ্যমান প্রযোজ্য হার অথবা ৫% এর মধ্যে যেটি কম সে হারে সরল সুদ প্রদানপূর্বক মুনাফাসহ নমীনিকে পরিশোধ করতঃ হিসাবটি বন্ধ করতে হবে।

(৮.০০)নমিনির মনোনয়নঃ

(১) আমানতকারী অপ্রাপ্তবয়স্ক/ যে কোন বয়সের একজনকে নমিনি নিয়োগ করতে পারবেন। আমানতকারীর পূর্বে নমীনির মৃত্যু হলে হিসাবধারী নতুন নমিনি নিয়োগ করতে পারবেন।

(২) আমানতকারীর মৃত্যুর পরেই উপর্যুক্ত প্রমাণ সাপেক্ষে কেবলমাত্র নমিনি হিসাবের অর্থ প্রাপ্য হবেন। প্রয়োজনে প্রচলিত আইন প্রযোজ্য হবে।

(৩) নমীনিকে হিসাবের অর্থ পরিশোধের ক্ষেত্রে নিম্নোক্ত কাগজপত্রাদি/দলিলাদি গ্রহণ করতে হবেঃ

(ক) আমানতকারীর মৃত্যু সংক্রান্ত সনদপত্র।

(খ)নমিনি (নাবালক হলে আইনানুগ অভিভাবকের) আবেদনপত্র, ছবি ও আবেদনপত্রের স্বাক্ষর স্থানীয় চেয়ারম্যান বা ওয়ার্ড কমিশনার দ্বারা সত্যায়িত করতে হবে ও জাতীয় পরিচয়পত্র গ্রহণ করতে হবে।

(গ) নমিনির পরিচয় জানার জন্য জাতীয় পরিচয় পত্র কিংবা স্থানীয় চেয়ারম্যান বা ওয়ার্ড কমিশনারের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

(ঘ) ব্যাংকের অনুকূলে সম্পাদিত ইনডেমনিটি বন্ড গ্রহণ করতে হবে।

(৯,০০) মেয়াদপূর্তিতে এককালীন পরিশোধ পদ্ধতিঃ

১১ (এগারো) বছর মেয়াদান্তে হিসাবধারীর সুদ আসলসহ জমাকৃত আমানতের দ্বিগুণ প্রাপ্য হবেন।

(১০.০০) বিশেষ নির্দেশাবলীঃ

১. মেয়াদ পূর্ণ হলে আমানতকারীকে মূল জমার দ্বিগুন পরিশোধ করা হবে। তবে প্রযোজ্য ক্ষেত্রে আয়কর, উৎসেকর ও আবগারীশুল্ক নিয়ামানুযায়ী কর্তন করা হবে।

২. ব্যাংক যে কোন সময়ে এ হিসাব সংক্রান্ত নিয়মাবলী পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন বা বাতিলের অধিকার সংরক্ষণ করে এবং এ ক্ষেত্রে আমানতকারী সকল নিয়মাবলী মেনে চলতে বাধ্য থাকবেন।

৩. ব্যাংক যে কোন সময় গ্রাহকের হিসাব বন্ধ করে সুদসহ আসল টাকা গ্রাহককে ফেরত প্রদানের অধিকার সংরক্ষণ করে।

৪. মাসিক ভিত্তিতে যথানিয়মে সংশ্লিষ্ট শাখায় প্রভিশন সংরক্ষণ করতে হবে।

৫. ইতোমধ্যে গৃহীত হিসাব সমূহের সুদের হার অপরিবর্তিত থাকবে।

এমতাবস্থায়, উপরোক্ত নীতিমালার আলোকে প্রবর্তিত "ডাবল বেনিফিট স্কীম" যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

19/01/2025

(মোহাম্মদ মফিজুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান

19.01.2025

(মোহা: মাহবুবুল ইউনুস)
মহাব্যবস্থাপক
(প্রশাসন ও পরিচালন)